

দুটি লিমেरिक

পবিত্র সরকার

১. আজব পিকনিক

যারা ছুটে যায় পিকনিকে সেই মধ্য প্রদেশে, ভীমবেটকায়
তারাই শুনেছি রান্না করে না বাড়ি থেকে আনা কাপ-প্লেট খায়।

এটাও জেনেছি নয় শেষ কথা,

তারও পরে ঘটে যে অসভ্যতা—

বাসন - কোসন সব খেয়ে নিয়ে সুখটান দিয়ে সিগারেট খায়

২. মানুষের সমাজে

জানিও না কবে শুনেছি একথা, প্রথমে বলেছিল কারা

‘চালাকেরা জানে ভালো ফাঁকি দিতে, খেটে মরে শুধু বোকারা।’

চালাকেরা তাই বাড়ে দলে দলে,

বাড়ি-গাড়ি হয়, ভুঁড়ি থলথলে,

ভাবি, ভাগি়স, এ কথা শোনেনি পিঁপড়ে ও বাকি পোকারা।